

নির্বাচনি পরীক্ষাপূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ২০২০

শ্রেণিঃ দশম

বিষয় কোডঃ ১৫১

বিষয়ঃ গার্হস্থ্য বিজ্ঞান (সৃজনশীল)

সময়ঃ ২ ঘণ্টা ৩৫ মিনিট

পূর্ণমানঃ ৫০

[দ্রষ্টব্যঃ যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১। মিসেস শাহেদার পরিবার নতুন ফ্ল্যাটে উঠে মিলাদের ব্যবস্থা করলেন। মিলাদে তিনি শুকনা জাতীয় খাবার টেবিলে রাখলেন এবং সেখান থেকে প্লেট নিয়ে সবাই খাওয়া শুরু করল। এতে তার বাসাটি নোংরা হয়ে গেল এবং মিলাদ শেষ হতে সময়ও বেশি লাগল। শাহেদার বোন এ অবস্থা দেখে বললেন মিলাদে এমন পরিবেশন পদ্ধতি ব্যবহার করা উচিত ছিল যাতে সবাই খাবারটা নিয়ে যেতে পারে।
- ক) আনুষ্ঠানিক ভোজ কাকে বলে? ১
- খ) রেসিপি প্রয়োজনীয়তা লিখ। ২
- গ) মিসেস শাহেদা মিলাদে যে পরিবেশন পদ্ধতি অনুসরণ করেছেন তা ব্যাখ্যা কর। ৩
- ঘ) মিসেস শাহেদার বড় বোনের পরামর্শটি মূল্যায়ন কর। ৪
- ২। রিতা ও মিতা দুই বোন। উভয়ের গায়ের রং ফর্সা হলেও দেহের গঠন ও আকৃতিতে দুইজন একেবারেই বিপরীত। একদিন বিয়ের অনুষ্ঠানে দুজনেই নীল রঙের শাড়ি পরে যায়। অনুষ্ঠানের সবাই পাতলা গড়নের রিতার প্রশংসা করলেও মিতার প্রতি কেউ অতিরিক্ত অগ্রহ দেখায়নি।
- ক) রং মূলত কত প্রকার? ১
- খ) বিভিন্ন রঙের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ কর। ২
- গ) রিতার প্রশংসিত হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ) “মিতার পরিধেয় পোশাক তার ব্যক্তিত্বের অন্তরায় হয়েছে”- বিশ্লেষণ কর। ৪
- ৩। পঁয়ত্রিশ উর্ধ্বা আবেদা বেগম গর্ভকালীন সময়ে বিভিন্ন জটিলতার সম্মুখীন হয়ে একটি বুদ্ধি প্রতিবন্ধী ছেলে সন্তানের জন্ম দেয়ার পর তার পরিবারে বিপর্যয় নেমে এলো। ডাক্তার শনাক্ত করলেন ছেলেটির বুদ্ধি প্রতিবন্ধীতার সাথে জড়িত আরো কিছু রোগ আছে। এই কথা শুনে আবেদা বেগম খুব হতাশ হয়ে গেলেন।
- ক) কয়টি কারণে একটি শিশু প্রতিবন্ধী হতে পারে? ১
- খ) বুদ্ধি প্রতিবন্ধী শিশুদের কীভাবে শনাক্ত করা যায়? ব্যাখ্যা কর। ২
- গ) ডাক্তারের দেয়া তথ্য অনুযায়ী আবেদার ছেলের সাথে আর কোন কোন রোগের সম্পর্ক আছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) আবেদা বেগমের মতো নারীদের সন্তান জন্মের পূর্বকালীন সমস্যা প্রতিরোধে কী কী উদ্যোগ নেয়া যেতে পারে? বিশ্লেষণ কর। ৪
- ৪। নবম শ্রেণির ছাত্রী শিউলীর পরিবারের আর্থিক অনটনের কারণে পড়ালেখার পাশাপাশি পোশাক সেলাই করে সংসারে আয়ের ব্যবস্থা করতে হয়। এতে তার পড়ালেখায় ব্যাঘাত ঘটছে, ফলে তার মানসিক চাপ সৃষ্টি হয়েছে। সে তার ভবিষ্যৎ নিয়ে খুব হতাশায় ভুগছে।
- ক) মানসিক চাপ কত প্রকার? ১
- খ) বিষণ্ণতা কেন হয়? বুঝিয়ে লেখ। ২
- গ) শিউলীর মানসিক চাপ তার জীবনে কী ধরনের প্রভাব ফেলবে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) শিউলী কীভাবে মানসিক চাপ থেকে নিজেকে মুক্ত রাখতে পারবে? বিশ্লেষণ কর। ৪

৫। কর্মজীবী নারী মিসেস আরিফা ব্যস্ততার জন্য একমাত্র মেয়ে অর্পাকে সময় দিতে পারে না। বাসায় কাজের মেয়ের কাছে লালিত পালিত হয়। ইদানীং তার আচরণে কিছু নেতিবাচক পরিবর্তন দেখায় আরিফা মেয়েকে মনোচিকিৎসকের কাছে নিলে চিকিৎসক তাকে শিশু পরিচালনা নীতি অনুসরণ করার পরামর্শ দিলেন।

- ক) কত বছরের মধ্যে একটি শিশুর পরিপূর্ণ বিকাশের ক্ষেত্রে মূলভিত্তি রচনা হয়? ১
- খ) শিশুকে পর্যাপ্ত সময় দেয়া উচিত কেন? বুঝিয়ে লিখ। ২
- গ) আরিফার সন্তান লালন পালনের কৌশলটি অর্পার জন্য কতটুকু সহায়ক? ব্যাখ্যা কর। ৩
- ঘ) আরিফাকে দেয়া মনোচিকিৎসকের পরামর্শটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৬। আবির খুব অলস প্রকৃতির ছেলে। সে সময়মতো কোনো কাজই সঠিকভাবে সম্পন্ন করে না। অপ্রয়োজনীয় কাজে শক্তি ব্যয় করা তার অভ্যাস। উত্তরাধিকার সূত্রে পাওয়া সম্পদগুলোর রক্ষণাবেক্ষণ ও সুষ্ঠু ব্যবহার আবির আদৌ করতে পারবে কি না এ নিয়ে মা খুব চিন্তায় আছেন।

- ক) কোন সম্পদটি সবার জন্য সমান? ১
- খ) সময় ও শ্রোত কারো জন্য অপেক্ষা করে না- প্রবাদটি বুঝিয়ে লিখ। ২
- গ) আবির কীভাবে তার শক্তির যথাযথ ব্যবহার করতে পারবে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) আবিরের উত্তরাধিকার সূত্রে পাওয়া সম্পদগুলোর সুষ্ঠু ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান কর। ৪

৭। নবম শ্রেণির ছাত্রী জয়া ভবিষ্যতে ব্যবসায়ী উদ্যোক্তা হতে চায়। এর জন্য সে বাণিজ্য বিভাগে পড়ছে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হওয়ার জন্য সে নিজেকে প্রস্তুত করছে। বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য তাকে দক্ষতা অর্জন করতে হবে। তাই সে এখন যোগ্য টিউটরের সন্ধান করছে।

- ক) লক্ষ্য কত প্রকার? ১
- খ) পরিকল্পনা বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
- গ) জয়া তার লক্ষ্য অর্জনের জন্য ব্যবস্থাপনার স্তরগুলো কীভাবে প্রয়োগ করবে? ব্যাখ্যা কর। ৩
- ঘ) “লক্ষ্য সুনির্দিষ্ট হলে তা অর্জনের কার্যাবলীও সঠিকভাবে সম্পাদিত হবে”- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৮। নিচের ছকটি দেখ এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও:



- ক) একটি পরিবারের সর্বাপেক্ষা বড় সম্পদ কোনটি? ১
- খ) উপযোগ কী? ব্যাখ্যা কর। ২
- গ) মানবীয় ও বস্তুগত সম্পদের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৩
- ঘ) “সম্পদ পরস্পর পরিবর্তনশীল”- উক্তিটি বিশ্লেষণ কর। ৪